



অশুখামা হত, ইতি গজ

মিথ্যার বেসাতি বা অর্ধসত্য দিয়ে
সবাইকে সর্বকালের জন্য বোকা বানানো যায় না।

* কাউরা হয়ে ঢুকে দলের সুবিধায় 'ডক্টরেট' না থাকা সত্ত্বেও সংবিধিবদ্ধ উচ্চশিক্ষা তদারকি সংস্থার প্রধান হয়ে কারণে অকারণে বেসরকারী বিশ্ববিদ্যালয়ের ডক্টরেট অধ্যাপক ও বিভাগীয় প্রধানদের উপর ছড়ি ঘুরাচ্ছেন।

আপনার বাসার সার্বক্ষণিক গাড়ীটি কোন বিশ্ববিদ্যালয়ের দেয়া? কয়েকটি বিশ্ববিদ্যালয়ের ২-৪ ক্যাম্পাস চলছে কিভাবে? টাকা কথা বলে কিনা ভেবে দেখুন?

* নারী যুক্তিযোজ্যকে গণ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়োগে বাধা সৃষ্টি করছেন কেন?

* স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অভিযোগ নেই, অথচ গা জ্বালা UGC র'-

২০০৩ সনের BNP সরকারের স্বাস্থ্য মন্ত্রীর একটি অযৌক্তিক নির্দেশের ধূয়া তুলে গণ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন কোর্স অনুমোদনে কেন অহেতুক ঝামেলা করছেন? বিজ্ঞাপনে ভ্রান্ত প্রচারণা চালাচ্ছেন? গণ বিশ্ববিদ্যালয়ের MBBS, BDS ও Physiotherapy বর্তমান সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নির্দেশিত নিয়মে পরিচালিত এবং BMDC অনুমোদিত।

* বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (UGC) কর্মসূচির অপ্রত্যয় ব্যবহার করছেন-

(i) দেশের দ্বিতীয় বৃহত্তম সরকারী বিশ্ববিদ্যালয় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের International Relations বিভাগের পূর্বতন প্রধান কি গণ বিশ্ববিদ্যালয়ের International Relations বিভাগ পরিচালনার উপযুক্ত নন? International Relations আবেদনপত্র কেন ফেরত দিচ্ছেন বারে বারে? অথচ একবারও যুক্তিসংগত কারণ উল্লেখ করছেন না।

(ii) বিজ্ঞানের প্রসারের জন্য গণ বিশ্ববিদ্যালয়ে ৪ বৎসরে (৮ সেমিস্টার) মাত্র ১,৫০,০০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকায় অংক শাক্তে BSc Honours পড়ানো হয়। নিয়মিত ক্লাসে উপস্থিত থাকলে এবং সেমিস্টার পরীক্ষায় "A" গেলে খরচ ৮৭০০০ (সাতাশ হাজার) টাকা। বিভাগীয় প্রধান একজন অভিজ্ঞ ডক্টরেট শিক্ষক। তাঁর অধীনে MSc in Applied Mathematics এর অনুমোদন কামনা কি গণ বিশ্ববিদ্যালয়ের বেআইনী কর্মকাণ্ড?

(iii) গণ বিশ্ববিদ্যালয়ের BBA বিভাগের প্রতি আপনাদের বৈমাত্রীয় অন্যায আচরণের হেতু কি? এসব বিভাগে ভর্তিচ্ছুক শিক্ষার্থী ও তাদের অভিভাবকদের কেন বিভ্রান্ত করছেন? কোন সরকারী বিশ্ববিদ্যালয়ের বা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজের সাথে এরূপ অনৈতিক আচরণ করতে কি সাহস পেতেন?

(iv) গণ বিশ্ববিদ্যালয়ের LLB কোর্স অনুমোদিত, LLM নয় কেন?

(v) গণ বিশ্ববিদ্যালয়ের প্রশ্নের সরাসরি উত্তর না দিয়ে ধান ভাজতে শিবের গীত গাইছেন কেন? গণ বিশ্ববিদ্যালয়কে অকারণে হয়রানী করার জন্য আপনাদের বিজ্ঞাপনে এ পর্যন্ত কত টাকা খরচ করছেন? জনগণের এসব তথ্য জানার অধিকার আছে।

* গণ বিশ্ববিদ্যালয়ের সুনাম হানি ও আর্থিক ক্ষতি পূরণের দায়িত্ব কি UGC নেবেন?

২৫ একর জমির উপর স্থাপিত গণ বিশ্ববিদ্যালয়ের নিবেদিত শিক্ষকদের উন্নত শিক্ষা এবং সাংস্কৃতিক কার্যক্রমে সন্তুষ্ট হয়ে বিশ্বব্যাংকের IQAC প্রকল্প জুন, ২০১৪ সনে ৮৭ লক্ষ টাকা এবং জুলাই, ২০১৫ তে ২ কোটি ৩৫ লক্ষ টাকা প্রদান করেছিলেন।

আপনাদের বিজ্ঞাপনে গণ বিশ্ববিদ্যালয়ের সুনাম ভয়ানক ভাবে বিঘ্নিত হয়েছে, ছাত্ররা বিভ্রান্ত ও ক্ষিপ্ত হয়ে অন্যায আচরণ করেছে, ছাত্রদের গিতামাতা বিভ্রান্ত ও বিক্ষুব্ধ হয়েছেন, ছাত্র ভর্তি কমেছে, আয় কমেছে।

গণ বিশ্ববিদ্যালয়ের সুনাম পুনরুদ্ধার, আর্থিক ক্ষতিপূরণের, দায়িত্ব বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের।

* উচ্চ আদালতের নির্দেশ সম্মান করুন --

২৭ শে মে, ২০১৭ তারিখে মাননীয় উচ্চ আদালত BBA, Environmental Science, MBBS, BDS ও Physiotherapy বিভাগে ছাত্র ভর্তিতে বিঘ্ন সৃষ্টি না করার জন্য বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (UGC) কে নির্দেশ দিয়েছেন ২০১৭ সনের ৭১৯৬ নং রিট দরখাস্তের প্রেক্ষিতে।